মন্ত্রিপরিষদ বিভাগের এপ্রিল ২০১৬ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **এপ্রিল ২০১৬** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১২ মে ২০১৬**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	২৪৫	২০৫	৪০
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৬৪	৯৩৪	৩৩০
মোট	**১,৫০৯**	**১,১৩৯**	**৩৭০**

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	০৫	১২	১৪	০৯	৪০
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৫	২৮	১৩২	০৩	১৯৮*

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	মন্ত্রণালয়/বিভাগ	গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম	গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা	মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-
২।	**দুর্নীতি দমন কমিশন**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	১২	১২	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর-০১ জন, অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-০২ জন, কম্পিউটার অপারেটর-০২ জন এবং অফিস সহায়ক-০৭ জন
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	১। ০৭-১০ এপ্রিল ২০১৬ মেয়াদে সরকারি সফরে বরিশাল জেলা পরিদর্শন। ২। ২৯-৩০ এপ্রিল ২০১৬ মেয়াদে সরকারি সফরে মাদারীপুর জেলা পরিদর্শন।	-	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: প্রযোজ্য নয়।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত :

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্প	৮.৪৭	৪.১০ (৪৮%)	-	-	-

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) **উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে):** প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	১১ টি	০.৩৬৪	-	-	১১টি	২০১৩-১৫ (তিন) অর্থ-বছরের নিরীক্ষাকার্য আগস্ট ২০১৫ মাসে সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষাকার্যে নিরীক্ষা দল কর্তৃক চারটি অডিট আপত্তি উত্থাপন করা হয়। তন্মধ্যে একটি আপত্তির বিপরীতে ১৩,৩৮৬ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হিসাবে উল্লেখ করা হয়। অবশিষ্ট তিনটি অডিট আপত্তি আর্থিক অনিয়ম সংক্রান্ত। উক্ত আপত্তি চারটি নিষ্পত্তির লক্ষ্যে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরে ৫ অক্টোবর ২০১৫ তারিখে ব্রডশিট জবাব প্রেরণ করা হয়, কিন্তু অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। এ ছাড়া, বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগে সাতটি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন আছে।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৭টি	২৮৩.১৫	-	-	১৭টি	ত্রিপক্ষীয় অডিট কমিটির সভা অনুষ্ঠানের মাধ্যমে আপত্তিসমূহ নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৭০০.০০	০৪	-	০৪টি	-
মোট	**৩২টি**	**৯৮৩.৫১৪**	**০৪**	**-**	**৩২টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০২	-	-	০১	-	০১	০১
দুর্নীতি দমন কমিশন-১৩	-	-	-	-	১৩	১১

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন কোষে স্থানান্তর করা হয়েছে।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং জাতিসংঘের বিভিন্ন সংস্থার প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে আয়োজিত প্রশিক্ষণে অংশগ্রহণ। স্থান: বিআইসিসি, ঢাকা	০৩-০৪ এপ্রিল ২০১৬	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	**এক জন** সিনিয়র সহকারী সচিব
দুর্নীতি দমন কমিশন	১।	বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স	২৮ ফেব্রুয়ারি থেকে ২৮ এপ্রিল ২০১৬	দুর্নীতি দমন কমিশন	৩০ জন
	২।	আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এবং কাস্টমস আইন, ১৯৬৯	০৩-০৭ এপ্রিল ২০১৬	দুর্নীতি দমন কমিশন	২০ জন
	৩।	Public Private Partnership (PPP)	১৭-২৬ এপ্রিল ২০১৬	জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি	দুই জন
	৪।	Case Preparation and Trial Skill Training Programme	১০-১৩ এপ্রিল ২০১৬	US Embassy	২০ জন
	৫।	রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স, ২০১৬	১৭-২১ এপ্রিল ২০১৬	দুর্নীতি দমন কমিশন	২০ জন
	৬।	Financial Investigation	১৮-২৫ এপ্রিল ২০১৬	বাংলাদেশ পুলিশ	চার জন
	৭।	দাপ্তরিক কাজে ও যোগাযোগ প্রক্রিয়ায় বাংলা ভাষার যথাযথ ব্যবহার	২৪-২৮ এপ্রিল ২০১৬	শিক্ষা মন্ত্রণালয়	দুই জন

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: ‘Public Financial Management’ শীর্ষক প্রশিক্ষণ চলমান রয়েছে।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: হ্যাঁ আছে; কোন অসুবিধা নেই।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: চার জন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সঙ্কট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভার চারটি, মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত সাতটি, সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি এবং প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি সভা অনুষ্ঠিত হয়।

(২) প্রতিবেদনাধীন মাসে মন্ত্রিসভা-বৈঠকসমূহে ২৪টি সিদ্ধান্ত গৃহীত হয়। এর মধ্যে ১২টি বাস্তবায়িত হয় এবং ১২টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) জাতিসংঘ মহাসচিব বান কি-মুন ও বিশ্বব্যাংক গ্রুপের প্রেসিডেন্ট জিম ইয়ং কিম কর্তৃক 'জাতিসংঘের পানি বিষয়ক উচ্চ পর্যায়ের প্যানেল'-এর সদস্য হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নাম ঘোষণা করা হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ বিশ্বের ১০ জন রাষ্ট্র ও সরকার প্রধান এবং দু'জন বিশেষ উপদেষ্টাবিশিষ্ট এ প্যানেল দুই বছর দায়িত্ব পালন করবে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উক্ত প্যানেলের সদস্য নির্বাচিত হওয়ায় আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থান আরও সুসংহত হয়েছে। তাঁর সফল নেতৃত্ব সমগ্র বিশ্বে সমাদৃত হচ্ছে এবং আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন ক্ষেত্রে নেতৃত্ব প্রদানের জন্য তাঁকে মনোনীত করা হচ্ছে। তাঁর এ অর্জনের মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য বিষয়টি বাংলাদেশ গেজেটে প্রকাশ করা হয়।

(৪) ২৮ এপ্রিল ২০১৬ তারিখে বিভাগীয় কমিশনারগণের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২৯টি সিদ্ধান্ত গৃহীত হয়।

(৫) ০৭ এপ্রিল ২০১৬ তারিখে মৌলভীবাজার ও চট্টগ্রাম জেলার ভোক্তার অধিকার সংরক্ষণ কমিটির সঙ্গে ভিডিও কনফারেন্সিং অনুষ্ঠিত হয়।

(৬) বিভাগীয় কমিশনার এবং মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত মার্চ দ্বিতীয় পক্ষ ও এপ্রিল প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দুটি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ এবং সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭) মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৫-১৬ অর্থ-বছরের বাজেটের ৩-০৪০১-০০০১-৪৮০০ খাতের আওতাভুক্ত '৪৮৯৯-অন্যান্য ব্যয়' উপখাত থেকে '৪৮৪৭-পুরস্কার' উপখাতে ৫,০০,০০০.০০ (পাঁচ লক্ষ) টাকার পুনঃউপযোজনে মঞ্জুরি জ্ঞাপন করা হয়।

(৮) বিদেশি মান্যবর রাষ্ট্রদূত/হাই কমিশনার কর্তৃক আয়োজিত অনুষ্ঠানে সচিবগণের যোগদানের অনুমতি সংক্রান্ত পাঁচটি পত্র জারি করা হয়।

(৯) ২০১৬-১৭ অর্থ-বছরের মাননীয় অর্থমন্ত্রীর বাজেট বক্তৃতায় অন্তর্ভুক্তির জন্য এ বিভাগের 'ডিজিটাল বাংলাদেশ' সংক্রান্ত তথ্য সিনিয়র সচিব, অর্থ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(১০) মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক কার্যাবলি সংক্রান্ত রিপোর্ট সংকলন করে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর অনুশাসনের প্রস্তাবসহ সারসংক্ষেপ প্রেরণ করা হয় এবং অনুশাসনগুলি মন্ত্রণালয়/বিভাগসমূহকে বাস্তবানের লক্ষ্যে অবগত করা হয়।

(১১) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার কাটিংসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ কাটিংগুলি ২৪টি পত্রের মাধ্যমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(১২) সিলেট, দিনাজপুর, রংপুর, কুমিল্লা, বগুড়া ও কুড়িগ্রাম জেলার স্পর্শকাতর/চাঞ্চল্যকর ঘটনার প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) স্পর্শকাতর ও চাঞ্চল্যকর ঘটনা সংক্রান্ত তথ্য প্রেরণ প্রতিবেদনের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) মাননীয় হাইকোর্ট বিভাগ ও বিজ্ঞ দেওয়ানি আদালতে চলমান মামলা পরিচালনার ব্যয় নির্বাহের খাত সৃজনপূর্বক বরাদ্দ প্রদানের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, আইন ও বিচার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) মার্চ ২০১৬ মাসে বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা ম্যাজিস্ট্রেট বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন ২০১৬-এর প্রথম পর্যায়ের পিরোজপুর জেলার মঠবাড়িয়া উপজেলাধীন ধানীসাফা ইউনিয়নের সাফা মহাবিদ্যালয় ভোট কেন্দ্রে অনুষ্ঠিত নির্বাচনে ভোট গণনা শেষে বিক্ষুব্ধ জনতা কর্তৃক কেন্দ্রে হামলা করে ব্যালট বক্স ছিনতাইকালে বিজিবি ও পুলিশ কর্তৃক গুলিবর্ষণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) এস, আলম কয়লা বিদ্যুৎকেন্দ্র স্থাপনকে কেন্দ্র করে চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলাস্থ গন্ডামারা ইউনিয়নে উদ্ভূত ঘটনায় আইন-শৃঙ্খলা বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) খাগড়াছড়ি পার্বত্য জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি অবহিতকরণের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) শ্রীবরদী পৌরসভার মেয়র কর্তৃক উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদীর সঙ্গে অশোভন আচরণ করার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২০) বাল্যবিবাহ রোধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনার ক্ষেত্রে Public Servant (জনসেবক) হিসাবে নিকাহ্ রেজিস্ট্রারদেরকে যাবতীয় আইনি সুরক্ষা প্রদানের বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, আইন ও বিচার বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২১) বাল্যবিবাহ নিরোধ আইন, ১৯২৯ সংশোধন বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২২) খাগড়াছড়ি পার্বত্য জেলার পানছড়ি উপজেলার চেয়ারম্যান জনাব সর্বোত্তম চাকমার অনিয়ম-দুর্নীতির বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৩) কারাগারের আটক শিশু-কিশোরদের ফেব্রুয়ারি ২০১৬ মাসের পরিসংখ্যান অনুযায়ী মুক্তির লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য জেলা ম্যাজিস্ট্রেট যথাক্রমে নাটোর, ভোলা ও গাইবান্ধা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৪) আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১১তম সভার কার্যবিবরণীর বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ২৬ এপ্রিল ২০১৬ তারিখ সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৫) ই-মোবাইল কোর্ট বাস্তবায়নের প্রশিক্ষণ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৬) মালয়েশিয়ার তেরেংগানো (Terengano), হাজি ক্যাম্পে আটক বাংলাদেশী নাগরিকের উদ্ধার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মান্যবর রাষ্ট্রদূত, কুয়ালালামপুর, মালয়েশিয়া বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৭) ডিপ্লোমেটিক ব্যাগে পত্র/তথ্য প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৮) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিভিন্ন মামলায় চার্জশিটভুক্ত চার জন এবং নথিভুক্তির জন্য ১০ জন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য এবং একজন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভিন্ন স্মারকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২৯) বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণ মার্চ ২০১৬ মাসে প্রমাপ অনুযায়ী ভ্রমণ, রাত্রিযাপন, পরিদর্শন, দর্শন করেছেন। প্রমাপ অর্জন এবং পরিদর্শন ও রাত্রিযাপন প্রতিবেদন প্রেরণের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করা হয়। জেলা প্রশাসকগণের পরিদর্শনের বিষয়টি মন্ত্রিপরিষদ বিভাগের KPI (Key Performance Indicators)-ভুক্ত এবং এ মাসে KPI-এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়।

(৩০) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও অতি গুরুত্বপূর্ণ ব্যক্তির নিরাপত্তা সমন্বয়ের জন্য বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণের অফিস ও বাসার হালনাগাদ টেলিফোন, ফ্যাক্স ও মোবাইল নম্বরসমূহের তালিকা মহাপরিচালক, স্পেশাল সিকিউরিটি ফোর্স, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা বরাবরে প্রেরণ করা হয়।

(৩১) জনাব হাবিবুর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ ২২ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলা পরিদর্শন করেন। পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত মন্তব্য/সুপারিশের ওপর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৩২) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ছয় জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে সাত জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করার এবং তিন জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৩৩) জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ কর্তৃক বিভিন্ন উপজেলা ভূমি অফিস, ইউনিয়ন ও পৌর ভূমি অফিস, জেলা প্রশাসকের কার্যালয়ের রাজস্ব শাখা, এল.এ শাখা, জেনারেল সার্টিফিকেট শাখা ইত্যাদি পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন সম্পর্কিত প্রতিবেদন প্রেরণের জন্য ১৫টি জেলার জেলা প্রশাসক বরাবর মোট ৩২টি পত্র প্রেরণ করা হয়।

(৩৪) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড-এর রাবার বাগান প্রকল্পের জন্য ভূমি অধিগ্রহণের বিষয়ে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৫) খাগড়াছড়ি পার্বত্য জেলায় তামাকের আগ্রাসন বন্ধকরণের বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ, ভূমি, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক, কৃষি এবং পরিবেশ ও বন মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৬) মাননীয় প্রধানমন্ত্রীর কেরাণীগঞ্জ সফর উপলক্ষে বিভাগীয় কমিশনার, ঢাকা ও জেলা প্রশাসক, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৭) ক্ষতিকর রাসায়নিকমুক্ত ফল ও ভেজালমুক্ত খাদ্য নিশ্চিতকরণের লক্ষ্যে পদক্ষেপ গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৮) বিদ্যুৎ উৎপাদন এবং চাহিদার মধ্যে ভারসাম্য রক্ষা করার জন্য বিদ্যুতের দক্ষ ও সাশ্রয়ী ব্যবহারের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৯) দেশের সীমান্তবর্তী জেলাসমূহ দিয়ে ভারত ও মিয়ানমার থেকে বিধি-বহির্ভূতভাবে আসা বিভিন্ন ধরণের মাদকদ্রব্য চোরাচালানি এবং ব্যবহারকারীগণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরবর পত্র প্রেরণ করা হয়।

(৪০) অনলাইন স্কুল ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণের বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪১) 'জনবান্ধব ভূমি অফিস' বিষয়ক সোশ্যাল মিডিয়া সংলাপের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে বিভাগীয় কমিশনার, রাজশাহী বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪২) কক্সবাজার জেলার রামু উপজেলার গর্জনিয়ার নদীর তীর সংরক্ষণ বাঁধ নির্মাণের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৪৩) সিটি কর্পোরেশন/পৌরসভা/জেলা শহরের নির্ধারিত স্থানে ২০১৬ সালের কোরবানির পশু জবাই নিশ্চিতকরণ এবং পশু মোটাতাজাকরণে রাসায়নিকের ব্যবহার প্রতিরোধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৪৪) গাড়িতে মেয়াদোত্তীর্ণ গ্যাস সিলিন্ডার ব্যবহারে ঝুঁকির বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৪৫) লালমনিরহাট জেলার পাটগ্রাম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে বদলি কিংবা র‌্যাবের অস্থায়ী ক্যাম্প স্থাপনের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়।

(৪৬) ১৭ এপ্রিল ২০১৬ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাদের জন্য ‘Orientation on the National Social Security Strategy (NSSS)’ শীর্ষক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়।

(৪৭) ‘Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh’ শীর্ষক প্রস্তাবিত প্রকল্পটি ২০১৬-১৭ অর্থ-বছরের এডিপিভুক্তকরণ সভায় সবুজপাতায় অর্ন্তভুক্ত করার ব্যবস্থা নেওয়া হয়।

(৪৮) ‘Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh’ শীর্ষক প্রস্তাবিত প্রকল্পে জনবল অনুমোদন নিশ্চিত করা হয়।

(৪৯) ০৭ এপ্রিল ২০১৬ তারিখে বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি বাস্তবায়ন সংক্রান্ত জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়।

(৫০) ৪৮টি মন্ত্রণালয়/বিভাগের ২৪০ জন কর্মকর্তা এবং মন্ত্রিপরিষদ বিভাগের ২০ জনসহ মোট ২৬০ জন কর্মকর্তার অংশগ্রহণে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন সংক্রান্ত প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

(৫১) ২০১৬-১৭ অর্থ-বছরের ৪৮টি মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা এবং বিভাগীয়/আঞ্চলিক ও জেলা পর্যায়ের কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন প্রণয়নের জন্য পৃথক তিনটি নীতিমালা প্রস্তুতপূর্বক প্রেরণ করা হয়।

(৫২) ৪৮টি মন্ত্রণালয়/বিভাগে বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত বিশেষজ্ঞ পুল গঠনের নির্দেশনা প্রদান করে মন্ত্রণালয়/বিভাগে পত্র প্রেরণ করা হয়।

(৫৩) পাবলিক সেক্টরে উদ্ভাবনী সংস্কৃতির লালন ও বিকাশের জন্য প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগের জন্য রাজস্ব বাজেটের আওতায় উদ্ভাবনী শীর্ষক একটি কোড সৃজন সংক্রান্ত পত্র সিনিয়র সচিব, অর্থ বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৫৪) 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫'-এর অনুচ্ছেদ ১০ অনুযায়ী মন্ত্রিপরিষদ বিভাগে মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বে একটি 'কেন্দ্রীয় অভিযোগ ব্যবস্থাপনা পরিবীক্ষণ' কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(৫৫) চট্টগ্রাম জেলায় 'Awareness Raising on National Integrity (NIS)' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়।

গ. আগামী দুই (মে-জুন) মাসে সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত আন্তঃমন্ত্রণালয়সভা অনুষ্ঠান।

(৩) সরকারি ক্রয় সংক্রান্ত এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠান।

(৪) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৫) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৭) সমরপুস্তক হালনাগাদকরণ সংক্রান্ত কার্যাবলি।

(৮) ১৯৮৯ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের দলিলাদি সংরক্ষণের মেয়াদ ২৫ বছর অতিক্রান্ত হওয়ায় তা জাতীয় আরকাইভস-এ হস্তান্তর সংক্রান্ত কার্যক্রম।

(৯) 'Preparatory Phase of Civil Registration and Vital Statistics in Bangladesh' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের অনুমোদন প্রক্রিয়া সম্পাদন।

(১০) জেলা সদরে কোর ভবনাদি নির্মাণ সংক্রান্ত টাস্কফোর্স কমিটির ১৭৯তম সভা অনুষ্ঠান।

(মুহাম্মাদ আসাদুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd